দৈনিক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া
ইত্তেফাক
মঙ্গলবার
২৭ শ্রাবণ ১৪৩৩, ১১ আগস্ট ২০২৬

North South University Library ★1992★
SEEK KNOWLEDGE
NORTH SOUTH UNIVERSITY

# সাউথইস্ট ব্যাংকের চেয়ারম্যান পুনর্নির্বাচিত



পুনরায় সাউথইস্ট ব্যাংক পিএলসির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হয়েছেন এম এ কাশেম। গত রবিবার অনুষ্ঠিত ব্যাংকের পরিচালনা পর্ষদের ৭৯৬তম সভায় পরিচালকদের সর্বসম্মতিক্রমে তাকে চেয়ারম্যান পুনর্নির্বাচিত করা হয়। তিনি ব্যাংকের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও উদ্যোক্তা পরিচালক। ব্যবসা, শিক্ষা ও সমাজসেবায় দীর্ঘদিন ধরে যুক্ত তিনি। নর্থ সাউথ ইউনিভার্সিটি ট্রাস্টের প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে দায়িত্ব পালনের পাশাপাশি চার বার প্রতিষ্ঠানটির চেয়ারম্যান ছিলেন। এছাড়া তিনি রোজ কর্নার (প্রাইভেট) লিমিটেডের চেয়ারম্যান। তিনি ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআইয়ের সাবেক সভাপতি। পাশাপাশি অ্যাসোসিয়েশন অব প্রাইভেট ইউনিভার্সিটিজ অব বাংলাদেশের (এপিইউবি) সাবেক চেয়ারম্যান তিনি।—প্রেস বিজ্ঞপ্তি